

সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার আমরিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার সহঃশিক্ষক, সেরা কন্টেন্ট নির্মাতা, ICT4E জেলা অ্যাশ্বাসেডর জনাব মিছবাহ উদ্দিন এ পাক্ষিকে আইসিটি ডিভিশনের a2i(access to information) এর অধীনে পরিচালিত শিক্ষক বাতায়নে সেরা উদ্ভাবক মনোনীত হয়েছেন। উল্লেখ্য যে সারা বাংলাদেশে প্রতি পাক্ষিকে এক জন শিক্ষককে সেরা উদ্ভাবক মনোনীত করা হয়।

মিছবাহ উদ্দিন সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার জাউয়াবাজার ইউনিয়নের সাদারাই গ্রামের সিরাজ আলী ও নুরজাহান বেগমের বড় ছেলে। গত ১৬ মার্চ ২০২০ খ্রীঃ (www.teachers.gov.bd) সরকারী ওয়েবসাইটে প্রকাশিত হয় সেরা উদ্ভাবকের ফলাফল। শিক্ষক বাতায়নে বর্তমানে সারা বাংলাদেশের ৪১৮৫৪৭ জন শিক্ষক অন্তর্ভুক্ত আছেন। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০২১ সালের ভিতরে ৯ লক্ষ শিক্ষককে শিক্ষক বাতায়নে অন্তর্ভুক্ত হতে হবে। মিছবাহ উদ্দিন ২০১৭ সালে শিক্ষক বাতায়নে সেরা কন্টেন্ট নির্মাতা হয়েছিলেন। এ ছাড়া সুনামগঞ্জ জেলার ICT4E অ্যাশ্বাসেডর হিসেবে কাজ করে যাচ্ছেন। তিনি আইসিটি ডিভিশনের অধীন জাতীয় প্রোগ্রামিং প্রতিযোগিতার ট্রেনার হিসেবে কাজ করছেন। তিনি ২০১৯ সালে ব্রিটিশ কাউন্সিল কর্তৃক ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড লাভ করেন। তিনি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ট্রেনার ও

কিশোর কিশোরীদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় আইসিটি ট্রেনার হিসেবে কাজ করছেন। মিছবাহ উদ্দিন কে তার সাফল্যের কথা জিজ্ঞেস করলে বলেন শিক্ষক বাতায়নে তিনি ২৬ টি উদ্ভাবনী গল্পের ভিডিও আপলোড করেছিলেন। অনেক দিন থেকে শিক্ষক বাতায়নে কাজ করে এ ভিডিওগুলো আপলোড করেন। তার সাফল্যের জন্য তিনি শিক্ষক বাতায়ন কর্তৃপক্ষ, প্যাডাগজি মহোদয়, এডমিন মহোদয়, সিলেট টিটিসির স্যারগন, সুনামগঞ্জের জেলা শিক্ষা অফিসার, দঃ সুনামগঞ্জের উপজেলা শিক্ষা অফিসার ও একাডেমিক সুপারভাইজার মহোদয়,

সেরা নেতৃত্ব, সেরা উদ্ভাবক, সেরা কন্টেন্ট নির্মাতাগন, সুনামগঞ্জের সেরা কন্টেন্ট নির্মাতা, অ্যাশ্বাসেডর, কর্মরত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, সহকর্মীগন ও শিক্ষার্থী এবং যারা রেটিং কमेंট করেছেন তাদের ধন্যবাদ জানান। ডিজিটাল শিক্ষক মিছবাহ উদ্দিন সুনামগঞ্জ জেলাকে শিক্ষাক্ষেত্রে আইসিটিতে এগিয়ে নিতে সর্বত্র কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের ইনহাউজ/রিফ্রেশার কার্যক্রম চালিয়ে যাচ্ছেন অ্যাশ্বাসেডরদের নিয়ে। এ ছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর ফিটিংস সহ আইসিটি বিষয়ে শিক্ষকদের যে কোন সময় সহযোগিতা করে যাচ্ছেন। মিছবাহ উদ্দিন ডিজিটাল বাংলাদেশ গড়তে এক অনন্য সৈনিক হিসেবে কাজ করছেন।